আলমডাঙ্গায় নাশকতা মামলায়

স্বেচ্ছাসেবক লীগ নেতা

গ্রেফতার

আলমডাঙ্গা থানা পুলিশের বিশেষ অভিযানে নাশকতা মামলার আসামি স্বেচ্ছাসেবক লীগের নেতা গ্রেফতার হয়েছে। গতকাল নাগদাহ এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়।

আলমডাঙ্গা থানার, ১০ই নভেম্বর ২০২৪ এর এফআইআরকৃত মামলা নং-১০, তদন্তে সাজাপ্রাপ্ত আসামী নাগদাহ ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক রাসেল জোয়ার্দার (৪৫) গ্রেফতার হয়েছে।

জানা গেছে, আলমডাঙ্গা উপজেলা নাগদাহ গ্রামের জোয়ার্দার পাড়ার নজরুল ইসলাম জোয়ার্দ্দারের ছেলে রাসেল জোয়ার্দার।

এ ব্যাপারে আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ বানী ইসরায়েল বলেন, নাশকতা মামলায় রাসেল জোয়ার্দার কে গ্রেফতার করে আদালতে সোপর্দ করা হয়েছে।

আলমডাঙ্গায় চুয়াডাঙ্গা জেলা

স্বেচ্ছাসেবক লীগের নেতা

মতিয়ার গ্রেফতার

বিএনপি’র পদযাত্রায় হামলা মামলার আসামি চুয়াডাঙ্গায় স্বেচ্ছাসেবক লীগের সাবেক নেতা মতিয়ার রহমান গ্রেপ্তার হয়েছে।

আলমডাঙ্গা উপজেলার খাদেমপুর ইউনিয়ন বিএনপি’র পদযাত্রায় হামলার ঘটনায় দায়ের করা মামলায় চুয়াডাঙ্গা জেলা স্বেচ্ছাসেবক লীগের সাবেক যুগ্ম আহ্বায়ক মতিয়ার রহমানকে গ্রেপ্তার করেছে পুলিশ।

গতকাল মঙ্গলবার দিবাগত রাত সাড়ে ১২টার দিকে আলমডাঙ্গা থানা পুলিশ অভিযান চালিয়ে উপজেলার খাসকররা ইউনিয়নের রাইসা গ্রামে অবস্থিত তার শ্বশুরবাড়ি থেকে তাকে আটক করে। পরে সংশ্লিষ্ট মামলায় মঙ্গলবার দুপুরে তাকে আদালতে হাজির করা হলে বিচারক তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

গ্রেপ্তারকৃত মতিয়ার রহমান চুয়াডাঙ্গা পৌর এলাকার ৪ নম্বর ওয়ার্ডের বাসিন্দা। তিনি চুয়াডাঙ্গা জেলা স্বেচ্ছাসেবক লীগের সাবেক যুগ্ম আহ্বায়ক ছিলেন।

পুলিশ সূত্র জানায়, ২০২৩ সালের ১১ ফেব্রুয়ারি বিএনপি’র কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে ইউনিয়ন বিএনপির পদযাত্রা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। ওই দিন মহাসিন আলীর নেতৃত্বে বিএনপি’র ৩০–৪০ জন নেতাকর্মী পদযাত্রায় অংশ নিতে আলমডাঙ্গা উপজেলার খাদেমপুর ইউনিয়নের দিকে যাচ্ছিলেন। পথে তারা খাদেমপুর ইউনিয়নের পাঁচকমলাপুর গ্রামের হায়দার মোড় এলাকায় পৌঁছালে আওয়ামী লীগের নেতাকর্মীরা দেশীয় অস্ত্র নিয়ে পরিকল্পিতভাবে তাদের ওপর হামলা চালায়।

হামলার সময় বিএনপি নেতাকর্মীদের মারধরের পাশাপাশি ককটেল বিস্ফোরণ ঘটানো হয়। এ ঘটনায় অন্তত পাঁচটি মোটরসাইকেল ছিনিয়ে নেওয়ার অভিযোগ রয়েছে। পরে এ ঘটনায় আলমডাঙ্গা থানায় একটি মামলা দায়ের করা হয়।

পুলিশ জানিয়েছে, মামলার তদন্ত চলমান রয়েছে এবং ঘটনার সঙ্গে জড়িত অন্যান্য আসামিদের গ্রেপ্তারের চেষ্টা চলছে।

গাংনীতে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের মামলায়

[redacted]

[redacted]

[redacted]

[

কোমল, যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন, যুগ্ম সাধারণ সম্পাদক মজিরুল ইসলাম, ছাত্র লীগের গাংনী উপজেলা শাখার সম্পাদক অনিক আহমেদ।

মামলার আইও গাংনী থানার উপপরিদর্শক (এসআই) অঙ্কুশ কুমার জানান, গোপন সংবাদের ভিত্তিতে গাংনী উপজেলা পরিষদ চত্তরে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়েছে। গ্রেফতারকৃত আসামি জীবন আকবরকে আদালতে নেয়ার প্রস্তুতি চলছে।

গাংনীর রাইপুর ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের ত্রিবার্ষিক কাউন্সিল অনুষ্ঠিত

গাংনী উপজেলার রাইপুর ইউনিয়ন আওয়ামী স্বেচ্ছাসেবকলীগের ত্রিবার্ষিক কাউন্সিল অনুষ্ঠিত হয়েছে।

ত্রিবার্ষিক কাউন্সিলে রাইপুর ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি নির্বাচিত হন নুর ইসলাম ও সাধারণ সম্পাদক নির্বাচিত হন সাগর আহম্মেদ।

শনিবার বিকালে গাংনী উপজেলার রাইপুর ইউনিয়ন পরিষদ হলরুমে এই ত্রিবার্ষিক কাউন্সিল অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের গাংনী উপজেলা শাখার আহবায়ক তোহিদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত ত্রিবার্ষিক কাউন্সিলে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক।

সম্মেলনের উদ্বোধক ছিলেন, মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি আরিফুল ইসলামক বকুল। প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক বারিকুল ইসলাম লিজন।

বিশেষ অতিথি ছিলেন, গাংনী পৌর সভার মেয়র আহম্মেদ আলী, রাইপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান গোলাম সাকলায়েন ছেপু, রাইপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি সামসুজ্জামান মঙ্গল, সাধারণ সম্পাদক হাফিজুর রহমান মকলেছ, গাংনী উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সদস্য সচিব জীবন আকবর, গাংনী পৌর স্বেচ্ছাসেবকলীগের আহবায়ক রুবেল হোসেন, সদস্য সচিব আশিকুজ্জামান পিন্টু প্রমুখ।

মুজিবনগর স্মৃতিসৌধে স্বেচ্ছাসেবক লীগের শ্রদ্ধা নিবেদন ও বৃক্ষরোপণ

মেহেরপুরে আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। আজ বেলা ১১ টার দিকে মেহেরপুর মুজিবনগর আম্রকাননে এ কর্মসূচি পালন করা হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংগঠনটির কেন্দ্রীয় কার্যনির্বাহী সহ-সভাপতি কাজী মোয়াজ্জেম হোসেন। রাজনৈতিক সফরে মেহেরপুরে আগমন উপলক্ষে জেলা স্বেচ্ছাসেবক লীগের পক্ষ থেকে এ কর্মসূচির আয়োজন করা হয়।

এ সময় আরো উপস্থিত ছিলেন স্বেচ্ছাসেবক লীগের মেহেরপুর জেলা সভাপতি আরিফুল ইসলাম সোবহান, সাধারণ সম্পাদক বারিকুল ইসলাম লিজন সহ বিভিন্ন শাখার সভাপতি ও সাধারণ সম্পাদক বৃন্দ। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা সম্মেলন প্রস্তুত কমিটির সভাপতি মতিউর রহমান মতিন, সদস্য সচিব আইয়ুব হোসেন ইয়াং বাংলা ফিউচার লিডার্স এর মুজিবনগর উপজেলা সভাপতি হাসানাজ্জুমান লাল্টু মহাখালী ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি এর আগে মুজিবনগর স্মৃতি সৌধে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন প্রধান অতিথি। এ সময় দলটির নেতাকর্মীরা উপস্থিত ছিলেন

আজ শনিবার ২৬ আগষ্ট, শোকের মাস আগষ্ট উপলক্ষে সকাল ১১টায় বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের উদ্যোগে সংগঠনের কেন্দ্রীয় কার্যনিবার্হী পরিষদের সহ-সভাপতি কাজী মোয়াজ্জেম হোসেন-এর নেতৃত্বে ঐতিহাসিক মুজিব নগর আম্রকাননের স্মৃতিবেদীতে পুষ্পস্তবক

অর্পণ এবং পরে বৃক্ষরোপণ কর্মসূচির শুভ উদ্বোধন করা হয়।

উল্লেখ্য, মুক্তিযুদ্ধে নেতৃত্বদানকারী দল বাংলাদেশ আওয়ামী লীগের নেতৃত্বে বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার ১০ এপ্রিল ১৯৭১ সালে গঠিত হয়, এরপর তৎকালীন ভবেরপাড়ার বৈদ্যনাথতলার (বর্তমান মুজিবনগরের) আম্রকাননে ১৭ এপ্রিল ১৯৭১ সালে সরকার শপথ গ্রহণ করে। এই সরকারের রাষ্ট্রপতি ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং অস্থায়ী রাষ্ট্রপতি ছিলেন সৈয়দ নজরুল ইসলাম। বাংলাদেশ সরকারের প্রথম প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদ এই স্থানের নামকরণ মুজিবনগর করেছিলেন।

বৃক্ষরোপন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের বিপ্লবী সাধারণ সম্পাদক বারিকুল ইসলাম লিজন, মুজিবনগর উপজেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক মতিউর রহমান মতিন, সদস্য সচিব আয়ুব হোসেন, মোনাখালী ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি ডালিম হোসেন, বাগোয়ান ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি ইশতিয়াক আহমেদ, সাধারণ সম্পাদক সোহাগ, মুজিবনগর উপজেলা সম্মেলন প্রস্তুত কমিটির সদস্য শাহ অলিউল্লাহ সোহাগ, আনিসুজ্জামান শুভ, রাব্বি এবং মেহেরপুর সদর থানা স্বেচ্ছাসেবক লীগের সদস্য সচিব রাশেদুল ইসলাম আনন্দ, প্রস্তাবিত যুগ্ম সাধারণ সম্পাদক হানিফ খান প্রমুখ ।

মুজিবনগরের দুই ইউনিয়নে স্বেচ্ছাসেবক লীগের সম্মেলন অনুষ্ঠিত

মুজিবনগরের বাগোয়ান ও মোনাখালী ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকেলে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স পি ডব্লিউ ডি আই রেস্ট হাউজে এই সম্মেলন অনুষ্ঠিত হয়।

সম্মেলনে মুজিবনগর উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সম্মেলন প্রস্তুত

কমিটির আহবায়ক মতিউর রহমান মতিনের সভাপতিত্বে এবং সদস্য সচিব আইয়ুব হোসেন এর সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক বারিকুল ইসলাম লিজন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, দারিয়াপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মোস্তাকিম হক খোকন কমান্ডার বাগওয়ান ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক ও বাগোয়ান ইউনিয়ন পরিষদের সদস্য বাবুল মল্লিক, মুজিবনগর উপজেলা শ্রমিক লীগের সভাপতি ও মোনাখালি ইউনিয়ন পরিষদের সদস্য আবুল কালাম আজাদ। দারিয়াপুর ইউনিয়ন পরিষদের সদস্য রাসেল উদ্দীন, মোনাখালী ইউনিয়ন পরিষদের সদস্য ইসরাফিল আলম পালু। উপজেলা ছাত্রলীগের সভাপতি হেলাল উদ্দিন লাভলু, সাধারণ সম্পাদক শেখ সাকিব। মুজিবনগর উপজেলা স্বেচ্ছাসেবকলীগের সম্মেলন কমিটির সদস্য শাহরিয়ার আজম পরাগ, আনিসুর রহমান শুভ, রোকনুজ্জামান রোকন, মেহেদী হাসান বগা, রাব্বি,শাহঅলিউল্লাহ সোহাগ জুয়েল রানা, সুমন আহমেদ। দারিয়াপুর ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি শাজাহান সিরাজ দোলন, সাধারণ সম্পাদক লিংকন, মহাজনপুর ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি রাসেল আহমেদ, সাধারণ সম্পাদক ইউনুস আলীসহ উপজেলা স্বেচ্ছাসেবক লীগের নেতাকর্মীবৃন্দ।

সম্মেলনে ইশতিয়াক কে বাগোয়ান ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি এবং সোহানুর রহমান সোহানকে সাধারণ সম্পাদক ঘোষণা করা হয়।

এবং মোনাখালী ইউনিয়ন পরিষদের সদস্য আবু নঈম ডালিম কে মোনাখালী ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি এবং মোনাখালী ইউপি সদস্য আলাউদ্দিনকে মোনাখালী ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক হিসাবে ঘোষণা করা হয়।

সম্মেলন শেষে উপজেলার কেদারগঞ্জ বাজারে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপির পক্ষ থেকে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমের লিফলেট বিতরণ করা হয়।

মেহেরপুরে স্বেচ্ছাসেবক লীগের প্রতিষ্ঠা বার্ষিকীর প্রস্তুতি সভা

আগামি ২৭ জুলাই স্বেচ্ছাসেবক লীগের প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের প্রস্তুতি সভার আয়োজন করা হয়।

গতকাল রবিবার বিকালে মেহেরপুর জেলা আওয়ামী লীগের প্রধান কার্যালয়ে মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে প্রস্তুতি সভার আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি আরিফুল ইসলাম সোবাহানের সভাপতিত্বে জেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক বারিকুল ইসলাম লিজনের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলা স্বেচ্ছাসেবক লীগের সহসভাপতি সোয়েব রহমান, সদর থানা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক সানোয়ার হোসেন, মেহেরপুর পৌর স্বেচ্ছাসেবক লীগের সদস্য সচিব শাহিন ইসলাম তানিম, মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শরীফ রেজা পান্না, মুজিবনগর উপজেলা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক মতিয়ার রহমান মতিন, গাংনী উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সদস্য সচিব জীবন আকবার, মেহেরপুর সদর থানা আমঝুপি ইউনিয়নের সভাপতি মিনারুল ইসলাম সহ জেলা এবং উপজেলা পর্যায়ে বিভিন্ন নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

এ সময় ২৭ জুলাই স্বেচ্ছাসেবক লীগের প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগ বিভিন্ন কর্মসূচি হাতে নিয়ে তারই ধারাবাহিকতায় প্রস্তুতি সভার আয়োজন করা হয়।

মেহেরপুর স্বেচ্ছাসেবক লীগের সভাপতি সোবহান, সম্পাদক লিজন

আরিফুল ইসলাম সোবহানকে সভাপতি ও বারিকুল ইসলাম লিজনকে সাধারণ সম্পাদক ঘোষণা করে মেহেরপুর জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের ৩৪ সদস্য বিশিষ্ট আংশিক কমিটির অনুমোদন দেয়া হয়েছে।

১০ জুলাই মেহেরপুরে আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের ত্রিবার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হলেও ১৩ জুলাই বৃহস্পতিবার সন্ধ্যায় বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগ কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের প্যাডে দলটির ভারপ্রাপ্ত সভাপতি গাজী মেজবাউল হোসেন সাচ্চু এবং সাধারণ সম্পাদক আফজালুর রহমান বাবুর স্বাক্ষরিত চিঠিতে মেহেরপুর আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের ৩৪ সদস্যের আংশিক কমিটির অনুমোদন দেয়া হয় একই সাথে এই কমিটির সদস্যদের ৩০ সেপ্টেম্বর ২০২৩ এর মধ্যে কমিটি পূর্ণাঙ্গ করে কেন্দ্রীয় দপ্তরে জমা দেয়ার নির্দেশ প্রদান করা হয়।

কমিটির অন্য সদস্যরা হলেন সহ-সভাপতি যথাক্রমে সোয়েব রহমান, জশিউর রহমান বকুল, আব্দুস সামাদ সোহাগ, নিশান সাবের, কামাল হোসেন জুয়েল, দেলোয়ার হোসেন মিঠু, তারিফুল ইসলাম জীবন, আশিকুর রহমান, সায়েক রহমান শিশির, আলাউদ্দিন এবং মো: মাসুদ, যুগ্ম সাধারণ সম্পাদক জুয়েল রানা, সাংগঠনিক সম্পাদক উসাইদ আল, সাংগঠনিক সম্পাদক শফিকুল ইসলাম পলাশ, গ্রন্থনা ও প্রকাশনা সম্পাদক মোঃ আরিফুর রহমান পারভেজ, আইন বিষয়ক সম্পাদক মোঃ আবুল কালাম আজাদ, স্বাস্থ্য ও জনসংখ্যা বিষয়ক সম্পাদক ডাঃ মামুন, সমাজকল্যাণ বিষয়ক সম্পাদক মোঃ রবিউল ইসলাম, ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক সম্পাদক মোঃ আলাউদ্দিন, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শরীফ রেজা পান্না, সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক সম্পাদক মোঃ শফিকুল ইসলাম, কৃষি বিষয়ক সম্পাদক মোঃ সুজন, মহিলা বিষয়ক সম্পাদক মোছাঃ নাসিমা খাতুন, যুব ও ক্রীড়া বিষয়ক সম্পাদক মোঃ জব্বার, তথ্য ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক আতিক স্বপন, প্রতিবন্ধী উন্নয়ন বিষয়ক সম্পাদক মোঃ হাফিজুর রহমান।

এছাড়া সদস্য হিসেবে পদ পেয়েছেন মো: আল-ফারুক, মো: মাহাফুজুর রহমান রিন্টু, মো: আরিফুর রহমান, মো: সেন্টু বাবু, সুজন আহমেদ এবং আনোয়ার হোসেন।

উল্লেখ্য, ১০ জুলাই সোমবার মেহেরপুরে শহীদ শামসুজ্জোহা পার্কে মেহেরপুর জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের ত্রিবার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়।

স্বেচ্ছাসেবক লীগ দেশ ও মানুষের কল্যাণে কাজ করে— জনপ্রশাসন প্রতিমন্ত্রী

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বলেন, স্বেচ্ছাসেবক লীগ দেশের কল্যাণে মানুষের কল্যাণে বিপদ আপদে যে কোনো দুর্যোগে মূহূর্তে মানুষের পাশে দাঁড়াবে। বঙ্গবন্ধুর আদর্শ নিয়ে দেশ প্রেমে উদ্ধুদ্ধ হয়ে মুক্তিযুদ্ধের চেতনা নিয়ে এই সংগঠনের নেতা কর্মীরা মানুষের পাশে দাঁড়াবে।

বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগ মেহেরপুর জেলা শাখার ত্রি—বার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

গতকাল সোমবার বিকালে মেহেরপুর শহীদ শামসুদ্দোজা নগর উদ্যানে মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের এই ত্রি—বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের সম্মেলন প্রস্তুতি কমিটির আহ্বায়ক আরিফুল ইসলাম সোবহানের সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনে প্রধান বক্তা ছিলেন আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক একেএম আফজালুর রহমান বাবু। সম্মেলনের উদ্বোধন করেন স্বেচ্ছাসেবক লীগের ভারপ্রাপ্ত সভাপতি গাজী মেজবাউল হোসেন সাচ্চু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, স্বেচ্ছাসেবক লীগের কেন্দ্রীয় কমিটির যুগ্ম সম্পাদক খাইরুল হাসান জুয়েল, সাংগঠনিক সম্পাদক আব্দুল্লাহ আল সায়েম, সদস্য আদনান সুমন।

নির্বাচনেও এদেশের মানুষ শেখ হাসিনাকে ভোট দিয়ে সরকার গঠণ করবে ইনশাআল্লাহ।

তিনি বলেন, আগামী নির্বাচন এবং আন্দোলনের সময় স্বেচ্ছাসেবক নেতা কর্মীদের সজাগ থাকতে হবে। সকল ষড়যন্ত্র মোকাবিলা করে শেখ হাসিনাকে আবারো ক্ষমতায় বসানো হবে।

মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের সম্মেলন প্রস্তুতি কমিটির সদস্য সচিব বারিকুল ইসলাম লিজনের সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন মেহেরপুর সদর উপজেলা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক সানোয়ার হোসেন, গাংনী উপজেলা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক তৌহিদুল ইসলাম।

এর আগে শহীদ শামসুজ্জোহা নগর উদ্যানে জাতীয় এবং দলীয় পতাকা উত্তোলন করা হয়। এছাড়া শান্তির প্রতীক কবুতর ওড়ানো হয়।

সম্মেলনের প্রথম অধিবেশন শেষে দ্বিতীয় অধিবেশনে সভাপতি এবং সাধারণ সম্পাদকের নাম আহ্বান করা হলে সভাপতি পদে ৫জন এবং সাধারণ সম্পাদক পদে ৫ জন প্রার্থীর নাম জমা দেওয়া হয়।

একজন করে প্রার্থী হওয়ার জন্য সময় দেওয়া হয়। এ সময় সভাপতি এবং সাধারণ সম্পাদক পদে প্রার্থীরা একমত না হওয়াই সভাপতি এবং সাধারণ সম্পাদকের নাম পরে ঘোষণা করা হবে বলে সম্মেলনের দ্বিতীয় অধিবেশন শেষ করা হয়।